



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৫৫

তারিখঃ ১৫ই মার্চ ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

সাংবাদিকদের ওপর পুলিশের হামলার ঘটনায় তীব্র নিন্দা জ্ঞাপন করছে জাতীয় মানবাধিকার কমিশন

আজ সকালে সুপ্রিম কোর্টে সাংবাদিকদের ওপর পুলিশের হামলার ঘটনায় তীব্র নিন্দা জ্ঞাপন করছে জাতীয় মানবাধিকার কমিশন। গণমাধ্যম সূত্রে জানা যায়, সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির নির্বাচনে ভোট চলাকালে আওয়ামী লীগ ও বিএনপিপন্থি আইনজীবীদের উত্তেজনার মধ্যে পেশাগত দায়িত্ব পালনকালে পুলিশের পিটুনির শিকার হয়েছেন সাংবাদিকরা। গণমাধ্যমকর্মীদের অভিযোগ, বাছ বিচার না করে বেধরক পেটানো হয়েছে তাদের। তবে পুলিশের দাবি, সাংবাদিকরা ঘটনার মধ্যে পড়ে গিয়েছিল। এখানে ইচ্ছাকৃত আক্রমণ হয়নি।

কমিশন মনে করে, গণমাধ্যমকর্মীরা পেশাগত দায়িত্ব পালন করতে বিভিন্ন জায়গায় যাবেন এবং সংবাদ সংগ্রহ করবেন এটাই স্বাভাবিক। পেশাগত দায়িত্ব পালনকালে এ ধরনের হামলা স্বাধীন ও মুক্ত গণমাধ্যম প্রতিষ্ঠায় অন্তরায়। যথাযথ তদন্ত করে হামলাকারী পুলিশ সদস্যদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে এবং ভবিষ্যতে যাতে এ রকম না ঘটে তা নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহবান জানায় কমিশন।

ধন্যবাদান্ত

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ